বনানী ডিওএইচএস পরিষদ
BANANI DOHS PORISHOD

বিডিপি/স্পোর্টস/০৫

১২ নভেম্বর ২০২৬

ক্রিকেট ক্যাম্প-২০২৬ এর সাধারণ নির্দেশাবলী

১। বনানী ডিওএইচএস পরিষদ ও খেলবেই বাংলাদেশের যৌথ ব্যবস্থাপনায় ক্রিকেট ক্যাম্প-২০২৬ আগামী ২৭ নভেম্বর ২০২৬ হতে ০৯ জানুয়ারি ২০২৭ তারিখ পর্যন্ত বনানী ডিওএইচএস খেলার মাঠে আয়োজন করা হবে। জাতীয় দলের সাবেক ক্রিকেটার মোহাম্মদ আশরাফুল, শাহরিয়ার নাফিস, মাহমুদুল্লাহ রিয়াদসহ সাবেক নারী ক্রিকেটার সালমা খাতুন মোট ০৮ টি ক্লাস পরিচালনা করবেন। ক্রিকেট ক্যাম্প এর বিস্তারিত নির্দেশিকা নিম্নে প্রদত্ত হলোঃ

ক। বয়েজ: ০৮ বছর থেকে ১২ বছর।
খ। বয়েজ: ১৩ বছর থেকে ১৬ বছর।
গ। গার্লস: যে কোন বয়সের (উন্মুক্ত)।

২। স্থিতিকাল: আগামী ২৭, ২৮ নভেম্বর, ৪,৫,১১ ও ১২ ডিসেম্বর ২০২৬ এবং ৮-৯ জানুয়ারি ২০২৭ তারিখে মোট ০৮ টি ক্লাস বিকাল (১৫০০-১৭০০) ঘটিকা পর্যন্ত পরিচালনা করা হবে।

৩। নাম নিবন্ধন: টুর্ণামেন্টে অংশগ্রহণের জন্য আগামী ২৪ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে পরিষদ অফিসে নির্দিষ্ট ফর্মে নাম নিবন্ধনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৪। খেলার মাঠ প্রস্তুতকরণ: স্পোর্টস সাব কমিটির সদস্য সচিব খেলার মাঠ প্রস্তুত করবেন। এ কাজে এক্সিকিউটিভ অফিসার প্রয়োজনীয় জনবল সহায়তা দিবেন।

৫। উদ্বোধনী অনুষ্ঠান: আগামী ২৭ নভেম্বর ২০২৬ তারিখ বিকাল ১৬০০ ঘটিকায় ক্যাম্পের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে। জাতীয় দলের সাবেক ক্রিকেটার ও ক্রীড়া ব্যক্তিত্ব জনাব খালেদ মাহমুদ সুজন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

৬। অভ্যর্থণা: পরিষদের সিনিঃ ভাইস প্রেসিডেন্ট ফুলের বুকে দিয়ে প্রধান অতিথিকে স্বাগত জানাবেন।

৭। দর্শকদের বসার ব্যবস্থা: এক্সিকিউটিভ অফিসার পরিষদের হার্ডস্ট্যান্ডে দর্শকদের বসার চেয়ারের ব্যবস্থা করবেন।

৮। নাস্তার ব্যবস্থা: ক্রিকেট ক্যাম্পে আগত কোচ ও অতিথিদের জন্য স্পোর্টস সেক্রেটারী মাধবী লাউঞ্জে চা, কফি ও নাস্তার ব্যবস্থা করবেন।

৯। সাউন্ড সিষ্টেম: পরিষদের কেয়ার টেকার মোঃ মিজানুর রহমান সাউন্ড সিষ্টেম প্রস্তুত রাখবেন।

১০। ফটোগ্রাফার: ডাটাবেজ ক্লার্ক মোঃ জুয়েল মিয়া ফটোগ্রাফার এর দায়িত্ব পালন করবেন।

১১। ক্রিকেট ক্যাম্প উপভোগ করার জন্য সকলকে আমন্ত্রণ জানানো হলো।

কর্নেল হুসেইন মাহমুদ চৌধুরী (অব.)
সিনিঃ ভাইস প্রেসিডেন্ট ও
ভারপ্রাপ্ত স্পোর্টস কনভেনার

কার্যক্রমঃ
বনানী ডিওএইচএসের সম্মানিত বাসিন্দাগণ

Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner